# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

**Final Term Test -2018**

**Class: 4 A &C**

**Subject: Bengali Text** | **F.M.:75**

**Duration: 2 hrs.** | **Date: 5th November 2018**

(Marks will be deducted for untidy work, spelling mistakes & work not done in systematic manner.)

## 'ক' বিভাগ – ২০

১। শব্দের অর্থ লেখ :- ফরাস , ক্রমাগত , কাতর , কলি ৪

২। বিপরীত শব্দ লেখ :- স্বচ্ছ , চোর , গভীর , সুবিধা ৪

৩। বাক্য রচনা কর :- মেলামেশা , মুশকিল , সৃষ্টি , চাঁদনি ৪

৪। একটি বাক্যে উত্তর দাও :- ৪

ক) ভালোবাসি কবিতায় মেঘের রঙ কেমন বলা হয়েছে ? (খ) ছেলেটি কী কিনতে চাইছে ?

গ) 'দুজনে গাছে চড়তে ওস্তাদ',দুজনে কে কে লেখ।(ঘ) জলীয় বাষ্প আমরা চোখে দেখিনা কেন ?

৫। শূন্যস্থান পূরণ কর :- ৪

ক) আমি জন্ম নিয়েছিলাম _____ কলকাতায়। (খ) যেটা ছিল জাদু তার রূপ বদলে হল _____ ।

গ) একদিন ও কী ______ হলে

______ হল মনে করতে নাই ?

## 'খ' বিভাগ – ২৫

৬। 'তার তেজ দেখে অবাক' – কোন গল্প থেকে নেওয়া হয়েছে ? লেখকের নাম কী ? এখানে কার তেজের কথা বলা হয়েছে লেখ । ১+১+১=৩

৭। কুয়াশা কাকে বলে ? কোন সময় কুয়াশা দেখা যায় ? ২+১=৩

৮। জগদীশচন্দ্র বসু তার সমস্ত জ্ঞান কার কাছ থেকে পেয়েছেন বলে মনে করতেন ? সবাই এক বাক্যে তার সম্বন্ধে কী বলতেন ? ২+১=৩

৯। ভোম্বলের রাগ ও অপমান বোধ হল কেন ? অপমানিত হয়ে সে কী ভেবেছিল ? ২+১=৩

১০। 'ভালোবাসি উষাসনে -------- মেলে যে' ------ কোন কবিতা থেকে নেওয়া হয়েছে ? উষাসন মানে কী ? কলি কখন আঁখি মেলে ? ১+১+১=৩

১১। 'ধর ধর ওর ঠ্যাং চেপে ধর' ------- এই কথা গুলি কে কাকে কেন বলেছিল লেখ। ৩

১২। অমন ছেলেকে তারা পাত্তাই বা দেবে কেন ? ছেলেটি বলতে কাকে বোঝানো হয়েছে ? কেন তারা তাকে পাত্তা দিতে চাইত না ? ১+২=৩

১৩। শিশুটি ছুটি চেয়ে কার সাথে কী করবে ? ২

১৪। আইসব্যাগে বরফ ভরলে কী বোঝা যায় ? ২

## <u>'গ' বিভাগ - ৩০</u>

১৪। বিশদভাবে উত্তর লেখ,

ক) ভোম্বোলকে বাতাবিলেবু চুরি করে পালাতে দেখে কারা খুশি হয়েছিল? কেন খুশি হয়েছিল? খুশি হয়ে তারা কি করছিল? বাতাবিলেবু চুরি করে ভোম্বোল কোন পথ দিয়ে পালিয়ে গেল? (১+১+১+২=৫)

খ) শিশির কাকে বলে? (৫

গ) ছোটো ছেলেটির দুঃখের সঙ্গে পুরো মেলাটিকে করুণ মনে হচ্ছে কেন? (৫

ঘ) 'ভালোবাসি' কবিতায় কবি কী কী ভালোবাসেন? (৫

ঙ) 'সবার চেয়ে আনন্দময় ওই মেয়েটির হাসি।' - মেয়েটির হাসিকে সবার চেয়ে আনন্দময় বলা হয়েছে কেন? আনন্দিত হয়ে সে কি করছে? (৩+২=৫)

চ) 'শেষটায় ছেলেটা একটা মতলব আঁটে।' - ছেলেটা কী মতলব আঁটে? কেন আঁটে? (১+৪=৫)

FOR GOD AND COUNTRY

# ST. LAWRENCE HIGH SCHOOL

**(A Jesuit Christian Minority Institution)**
**3rd Terminal Examination 2018**
**Class: IV A & C**
**Model Answers**

**Sub:** Bengali Text
**Duration : 2 Hrs**
**F.M : 75**
**Date: 05.11.18**

...............................................................................................................................................

১।উঃ শব্দের অর্থ :- (৪)

ফরাস - চাকর/ ফাই ফরমাস খাটার লোক
ক্রমাগত - বারবার
কাতর - আকুল
কলি - কুঁড়ি

২।উ: বিপরীত শব্দ :- (৪)

স্বচ্ছ - অস্বচ্ছ
চোর - সাধু
গভীর - অগভীর
সুবিধা - অসুবিধা

৩।উঃ নিজেরা লিখবে। (৪)

৪। একটি বাক্যের উত্তর :- (৪)

ক)উঃ ভালোবাসি কবিতায় মেঘের রঙ নীল বলা হয়েছে।
খ)উঃ ছেলেটি একটি রাঙা লাঠি কিনতে চাইছে।
গ)উঃ দুজনে বলতে কুমোর আর ভোম্বলকে বোঝানো হয়েছে।
ঘ)উঃ জলীয় বাষ্প একেবারে স্বচ্ছ, তাই আমরা চোখে দেখি না।

৫। শূন্যস্থান পূরণ ;- (৪)

ক)উঃ আমি জন্ম নিয়েছিলাম সেকেলে কলকাতায়।
খ)উঃ যেটা ছিল জাদু, তার রূপ বদলে হল বিজ্ঞান।
গ)উঃ একদিনও কি দুপুরবেলা হলে
বিকেল হল মনে করতে নেই?

## 'খ' বিভাগ - ২৫

৬।উঃ 'তার তেজ দেখে অবাক' - 'ছেলেবেলা' গল্প থেকে নেওয়া হয়েছে।
লেখকের নাম রবীন্দ্রনাথ ঠাকুর।
এখানে কেরোসিনের আলোর তেজের কথা বলা হয়েছে। (১+১+১=৩)

৭।উ: কখনো কখনো হাওয়ার ভিতরকার জলীয় বাষ্প খুব ছোটো ছোটো জলের কণায় জমে গিয়ে মাটির কাছে হাওয়ার উপর ভেসে বেড়ায়। একেই বলে কুয়াশা।
শীতকালে কুয়াশা দেখা যায়। (২+১=৩)

৮।উঃ জগদীশচন্দ্র বসু তাঁর সমস্ত জ্ঞান মানুষের কাছ থেকে আর এই মাটির পৃথিবীর কাছ থেকে পেয়েছেন বলে মনে করতেন।
সবাই একবাক্যে তাঁর সম্বন্ধে বলতেন যে, এতবড়ো প্রতিভা পৃথিবীতে কমই জন্মেছে।
(২+১=৩)

৯।উঃ কুমোরের বউ ভোম্বলকে চোর বলায় ভোম্বোলের রাগ ও অপমান বোধ হল।
অপমানিত হয়ে সে ভেবেছিল লেবুটা ছুঁড়ে ফেলে লাফ দিয়ে বেড়ার বাইরে পড়ে চলে যাবে।
(২+১=৩)

১০।উঃ 'ভালোবাসি উষাসনে ............................মেলে যে' - 'ভালোবাসি' কবিতা থেকে নেওয়া হয়েছে।
উষাসন্ কথার মানে হল ভোর হবার সঙ্গে সঙ্গে, কলি উষাসনে অর্থাৎ ভোর হবার সঙ্গে সঙ্গে আখি মেলে। (১+১+১=৩)

১১।উঃ 'ধর - ধর, ওর ঠ্যাং চেপে ধর্।' -ভোম্বল কুমোরের বাতাবিলেবু গাছে উঠে বাতাবিলেবু চুরি করছিল। তাকে বাতাবিলেবু চুরি করে পালাতে দেখে কুমোরের বউ কুমোরকে এই কথাগুলো বলেছিল। (৩)

১২।উঃ 'অমন ছেলেকে তারা পাত্তাই বা দেবে কেন?' - ছেলেটি বলতে বালক জগদীশচন্দ্রকে বোঝানো হয়েছে। ছেলেটি ছিল পাড়াগাঁয়ের, না পারে ইংরেজি লিখতে, না পারে বলতে। তাই তারা তাকে পাত্তা দিতে চাইত না। (১+২=৩)

১৩।উঃ শিশুটি ছুটি চেয়ে তার মায়ের সঙ্গে পড়া পড়া খেলা করবে। (২)

১৪।উঃ আইসব্যাগে বরফ ভরলে মনে হয় ব্যাগটার গায়ে ফুটো আছে। ভিতরের বরফজল ঐ ফুটো দিয়ে বাইরে বেরিয়ে এসেছে। (২)

## 'গ' বিভাগ - ৩০

১৫।

ক)উঃ ভোম্বলকে বাতাবিলেবু চুরি করে পালাতে দেখে পাড়ার ছেলেরা খুশি হয়েছিল।
তারা খুশি হয়েছিল কারণ কুমোর তাদেরও লেবু খেতে দেয় না।
খুশি হয়ে তারা হাততালি দিয়ে চিৎকার করছিল।
বাতাবিলেবু চুরি করে ভোম্বোল রান্নাঘরের চালের ওপর পড়ে সেখান থেকে এক লাফ দিয়ে নীচে পড়ে সামনে বাঁশঝাড় দিয়ে ডোবা পেরিয়ে যে সড়ক, সেই সড়কের দিকে পালিয়ে গেল। (১+১+১+২=৫)

খ)উঃ দিনের বেলা সূর্যের উত্তাপে মাটি গরম হয়, সূর্য অস্ত গেলে তাপ ছেড়ে দিয়ে ওই মাটি ঠান্ডা হতে থাকে। শীতকালে শেষ রাত্রির দিকে ওই মাটি এতটা ঠান্ডা হয় যে, তার সংস্পর্শে এসে হাওয়ায় জলীয় বাষ্প জমে গিয়ে জলের কণার আকারে জমা হতে থাকে ঘাসে ও গাছের পাতায়। এই জলকণাকেই আমরা বলি শিশির। (৫)

গ।উঃ রথের দিন অবিশ্রান্ত বৃষ্টি হওয়ায় চারিদিক ভেসে যাচ্ছে। মেলায় উপস্থিত সকলে খুব সমস্যায় পড়েছে, দুঃখী হয়েছে। কিন্তু সকলের চেয়ে বেশি দুঃখী একটি ছেলে যে পয়সার অভাবে একটি রাঙা লাঠি কিনতে পারে নি। সে করুণভাবে দোকানের দিকে তাকিয়ে রয়েছে এবং তার দুঃখ সকলের দুঃখকে ছাপিয়ে গিয়েছে। তাই ছোটো ছেলেটির দুঃখের সঙ্গে পুরো মেলাটিকে করুণ মনে হচ্ছে। (৫)

ঘ।উঃ 'ভালোবাসি' কবিতায় কবি নীল আকাশের চাঁদের জ্যোৎস্না, পৃথিবীর সবুজের রেখা, ফুলের বনে প্রজাপতির খেলা, রাখালের বাঁশির সুর, ভোরবেলায় ফুলের কুঁড়ির প্রস্ফুটিত রূপ, পৃথিবীর সব সৌন্দর্য ও সৃষ্টিকর্তার সৃষ্টির রূপ দেখতে ভালোবাসেন। (৫)

ঙ)উ: 'সবার চেয়ে আনন্দময় ওই মেয়েটির হাসি' - এক পয়সার তালপাতার বাঁশি অতি সামান্য জিনিস। স্নানযাত্রার (রথের) মেলায় একটি ছোট মেয়ে সামান্য এই জিনিসটি কিনতে পেরে চরম আনন্দিত হয়ে হাসছে। তাই মেয়েটির হাসিকে সবার চেয়ে আনন্দময় বলা হয়েছে।
আনন্দিত হয়ে সে বাঁশিটি বাজিয়ে সারা মেলায় ঘুরে বেড়িয়ে আনন্দ উপভোগ করছে।

(৩+২=৫)

চ)উঃ 'শেষটায় ছেলেটা একটা মতলব আঁটে।' - ছেলেটা মতলব আঁটে যে, কী করে এই শহরে থেকেই শহরটাকে ফাঁকি দেওয়া যায়।
এই মাজাঘষা শহরটা তার ভালো লাগত না। দম আটকে আসত। ছোটো থেকে তার সবুজ মাঠ, নীল আকাশ দেখে অভ্যাস, এমন রসকষহীন শহরে এসে প্রাণ হাঁপিয়ে ওঠে। তাই সে মতলব আঁটে। (১+৪=৫)